

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নতুন পরীক্ষা কাঠামো প্রকাশ

অনলাইন ডেঙ্ক



সংগৃহীত ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয় স্নাতক পর্যায়ের  
শিক্ষার্থীদের পরীক্ষা পদ্ধতিতে বড় পরিবর্তন  
এনেছে। সংশোধিত রেগুলেশন অনুযায়ী ৪, ৩  
ও ২ ক্রেডিট কোর্সের জন্য ভিন্ন ভিন্ন সময়,  
নম্বর বণ্টন ও প্রশ্নপত্রের কাঠামো নির্ধারণ করে  
নতুন নির্দেশিকা জারি করেছে কর্তৃপক্ষ।  
রবিবার (৮ ফেব্রুয়ারি) বিশ্ববিদ্যালয়ের  
ওয়েবসাইটে এই নির্দেশনা প্রকাশ করা হয়।  
নতুন এই পদ্ধতিতে ধারাবাহিক মূল্যায়ন ও  
চূড়ান্ত পরীক্ষার সমন্বয়ের ওপর বিশেষ গুরুত্ব  
আরোপ করা হয়েছে।

নির্দেশিকা অনুযায়ী, ৪ ক্রেডিট কোর্সে মোট ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে ধারাবাহিক মূল্যায়ন ২০ নম্বর এবং চূড়ান্ত পরীক্ষা হবে ৮০ নম্বরের। এই পরীক্ষার জন্য সময় নির্ধারণ করা হয়েছে ৪ ঘণ্টা। প্রশ্নপত্রে পাঠ্যসূচির সব অধ্যায় অন্তর্ভুক্ত করে বিশ্লেষণধর্মী, ধারণাভিত্তিক, সংখ্যাগত ও সমালোচনামূলক বিস্তৃত প্রশ্ন থাকবে।

## পড়ুন



‘আমাকে ট্রল করে বললেন পার্ট টাইম শিক্ষিকা’, তাবি শিক্ষিকা মোনামীর পোস্ট

এছাড়া, মোট ১২টি প্রশ্নের মধ্যে ৮টি প্রশ্নের উত্তর দিতে হবে শিক্ষার্থীদের। প্রতিটি প্রশ্ন সর্বোচ্চ তিনটি উপ-প্রশ্নে ভাগ করা যাবে। প্রতিটি প্রশ্নের মান ১০ নম্বর। এ ক্ষেত্রে ধারাবাহিক মূল্যায়নের ২০ নম্বরের বিভাজন হলো- অ্যাসাইনমেন্ট ও প্রেজেন্টেশন/কুইজ পরীক্ষায় ৫, ক্লাসে উপস্থিতিতে ৫ এবং দুটি ইন-কোর্স পরীক্ষার গড় নম্বর হিসেবে ১০।

৩ ক্রেডিট কোর্সে মোট নম্বর ৭৫। এর মধ্যে ধারাবাহিক মূল্যায়ন ১৫ এবং চূড়ান্ত পরীক্ষা ৬০

নম্বরের। পরীক্ষার সময় ৩ ঘণ্টা। প্রশ্নপত্রে পাঠ্যসূচির সব অধ্যায় থেকে বিস্তৃত প্রশ্ন থাকবে। মোট ৯টি প্রশ্নের মধ্যে ৬টির উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্ন সর্বোচ্চ তিনটি উপ-প্রশ্নে বিভক্ত করা যাবে। প্রতিটি প্রশ্নের মান ১০ নম্বর। এই কোর্সে ধারাবাহিক মূল্যায়নের ১৫ নম্বরের মধ্যে অ্যাসাইনমেন্ট ও প্রেজেন্টেশন বা কুইজে ৪, ক্লাসে উপস্থিতিতে ৩ এবং দুটি ইন-কোর্স পরীক্ষার গড় হিসেবে ৮ নম্বর নির্ধারণ করা হয়েছে।

## পড়ুন



জামায়াত প্রার্থী ইলিয়াস রাজাকার, শান্তি বাহিনীর সদস্য : নজরুল

২ ক্রেডিট কোর্সে মোট নম্বর ৫০। এর মধ্যে ধারাবাহিক মূল্যায়ন ১০ এবং চূড়ান্ত পরীক্ষা ৪০ নম্বরের। পরীক্ষার সময় নির্ধারণ করা হয়েছে ২ ঘণ্টা। প্রশ্নপত্রে পাঠ্যসূচির সব অধ্যায় থেকে বিস্তৃত প্রশ্ন থাকবে। মোট ৬টি প্রশ্নের মধ্যে শিক্ষার্থীদের ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্ন সর্বোচ্চ তিনটি উপ-প্রশ্নে ভাগ করা  
যাবে। প্রতিটি প্রশ্নের মান ১০ নম্বর।

## পড়ুন



ডা. না হয়েও পদবি ব্যবহার, জামায়াত  
প্রার্থীকে শোকজ

এই কোর্সে ধারাবাহিক মূল্যায়নের ১০ নম্বরের  
মধ্যে অ্যাসাইনমেন্ট ও প্রেজেন্টেশন/কুইজে ৩,  
ক্লাসে উপস্থিতিতে ২ এবং দুটি ইন-কোর্স  
পরীক্ষার গড় হিসেবে থাকবে ৫ নম্বর।